

বাংলাদেশ তীত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

বাংলাদেশ তীত বোর্ড

সাহেপ্রতাব, নরসিংদী।

bheti.portal.gov.bd

স্মারক নং: বাতীবো/বাতীশিপ্রই/বিএসসি/ভর্তি/১২৩/২০১৯- ২৫০

তারিখ: ০৬/১১/২০২৩ খ্রি:

নোটিশ


বিষয়: বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০২২-২৩ শিক্ষাবর্ষের লেভেল-১ টার্ম-১ পর্বের ভর্তি সংক্রান্ত

এতদ্বারা অত্র প্রতিষ্ঠানে পরিচালিত বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০২২-২৩ শিক্ষাবর্ষের লেভেল-১ টার্ম-১ পর্বের ভর্তিইচ্ছুক শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৩/১১/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল অনুযায়ী মেধা তালিকা, BHETI কোটা, মুক্তিযোদ্ধা কোটা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় নির্বাচিতদের আগামী ০৭/১১/২০২৩ ইং তারিখ হতে ১৫/১১/২০২৩ ইং তারিখের মধ্যে লেভেল-১ টার্ম-১ পর্বের ভর্তি ফি, সেমিস্টার ফি, রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য বাবদ ১৮,১৬০/- (আঠার হাজার একশত ষাট) টাকা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে (হিসাব নংঃ এসটিডি-০১, বাংলাদেশ কৃষি ব্যাংক, সাহেপ্রতাব, নরসিংদী।) জমা প্রদান করে এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ BHETI এর রেজিস্ট্রেশন শাখায় ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, মেধা তালিকা, BHETI কোটা, মুক্তিযোদ্ধা কোটা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় নির্বাচিতদের তালিকার কোন ভর্তিইচ্ছুক শিক্ষার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত আসনটি শূন্য বিবেচনা করে অপেক্ষমান তালিকা হতে ভর্তির কার্যক্রম শুরু করা হবে।

ভর্তির সময় জমা প্রদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা:

- ১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- ৩ কপি।
- ২। এসএসসি শিক্ষাক্রমের মূল সনদপত্র ও নম্বরপত্র।
- ৩। ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল সনদপত্র ও নম্বরপত্র।
- ৪। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্রের মূল কপি।
- ৫। শিক্ষার্থীর এনআইডি কার্ড / জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
- ৬। অভিভাবক (পিতা/মাতা) এর এনআইডি কার্ডের ফটোকপি।
- ৭। অঙ্গীকারনামা (শিক্ষার্থীর স্ব-হস্তে পূরণকৃত এবং অভিভাবকের সম্মতি জ্ঞাপনের স্বাক্ষরসহ)- ১ কপি।


(মোহাম্মদ আব্দুর রুউফ)
অধ্যক্ষ
বাতীশিপ্রই, নরসিংদী।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সদস্য (ওএন্ডএম), বাংলাদেশ তীত বোর্ড, ঢাকা।
- ২। কলেজ পরিদর্শক, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতীবো, ঢাকা। (বাতীবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। সমন্বয় কর্মকর্তা, বাংলাদেশ তীত বোর্ড, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। নথি।